

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৩.১৩-২৪৫

তারিখঃ ২৫ মে, ২০১৫ খ্রিস্টাব্দ
১১ জৈষ্ঠ্য, ১৪২২ বঙ্গাব্দ

বিষয়ঃ মাছ ধরা থেকে বিরত থাকা দরিদ্র মৎস্যজীবী পরিবারকে ভিজিএফ সহায়তা প্রদানের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) জেলা প্রশাসক, চাঁদপুর এর স্মারক নং-৫১.০১.১৩০০.০২৪.০৮.০০৩.১৫-১৪২, তারিখঃ ০১-০৩-২০১৫ খ্রিঃ।
(২) জেলা প্রশাসক, রাঙ্গামাটি এর স্মারক নং-৫১.০১.৮৪০০.২১৫.০৬.০০৪.১৪-১৭৫, তারিখঃ ২৭-০৪-২০১৫ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে এ মন্ত্রণালয় হতে ইলিশের জাটকা আহরনে বিরত থাকা ১৫টি জেলার আওতাধীন ৮০টি উপজেলার ২,২৪,১০২টি জেলে পরিবারের মাঝে বিতরণের লক্ষ্যে ২০১৪-১৫ অর্থ বছরে প্রতিমাসে পরিবার প্রতি ৪০ কেজি হারে মার্চ-জুন, ২০১৫ মাস পর্যন্ত মোট চার মাসের জন্য মোট ৩৫,৫৫৬.৩২ মেঃ টন ভিজিএফ চাল বরাদ্দ প্রদান করা হয়। এর মধ্যে চাঁদপুর জেলার ৪টি উপজেলায় ২৮,৯৬৮টি পরিবারকে চার মাসের জন্য মোট ৪,৬৩৪.৮৮ মেঃ টন ভিজিএফ চাল বরাদ্দ দেয়া হয়। জেলা প্রশাসক, চাঁদপুর ১নং সূত্রে বর্ণিত পত্রে উক্ত বরাদ্দের অতিরিক্ত হিসেবে আরো ৭,৬০৭টি পরিবারের জন্য ১,২১৭.১২০ মেঃ টন ভিজিএফ চাল বরাদ্দ চেয়েছেন।

২। এছাড়া রাঙ্গামাটি জেলার কাপ্তাই হুদে মৎস্য আহরণ বন্ধ রাখার সময়কালীন মৎস্যজীবীদের ভিজিএফ সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, রাঙ্গামাটি হতে চাহিদাপত্র পাওয়া গেছে। গত ২০১৩-১৪ অর্থ বছরে রাঙ্গামাটি জেলায় ১৮,৯৬০টি মৎস্যজীবী পরিবারকে ২০ কেজি হারে ২ মাসের জন্য মোট ৭৫৮.৪ মেঃ টন ভিজিএফ চাল বরাদ্দ দেয়া হয়েছিল। চলতি অর্থ বছরে জেলা প্রশাসক ২নং সূত্রে বর্ণিত পত্রে ১৯,১৫৯টি মৎস্যজীবী পরিবারের জন্য বরাদ্দ চেয়েছেন। যা গত অর্থ বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। জেলা প্রশাসক মৎস্যজীবী পরিবারের সংখ্যা বৃদ্ধির কারণ উল্লেখ করেননি।

৩। বর্ণিত অবস্থায়, চাঁদপুর ও রাঙ্গামাটি জেলার মৎস্য আহরনে বিরত থাকা প্রকৃত মৎস্যজীবীদের ভিজিএফ সহায়তা প্রদানের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মতামত জানা প্রয়োজন।

৪। এমতাবস্থায়, জেলা প্রশাসক, চাঁদপুর ও রাঙ্গামাটি এর পত্রে বর্ণিত বিষয়ে আগামী ০৭ কার্যদিবসের মধ্যে জরুরী ভিত্তিতে মতামত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।


(মোহাম্মদ মনিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোন-৯৫৪০১৭৯
e-mail:sasreliefprog1@modmr.gov.bd

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। জেলা প্রশাসক, চাঁদপুর/ রাঙ্গামাটি।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৪। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।
- ৬। মাষ্টার কপি।